

## Prime Minister delivered an address at the inaugural session of Raisina Dialogue 2021

April 13, 2021

### 'রাইসিনা ডায়ালগ 2021'-এর উদ্বোধনী অধিবেশন উপলক্ষে প্রধানমন্ত্রীর ভাষণ এপ্রিল 13, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ভার্চুয়ালি রাইসিনা আলোচনার উদ্বোধনী অধিবেশনে বক্তব্য রেখেছেন। রুয়ান্ডার রাষ্ট্রপতি পল কাগামে এবং ডেনমার্কের প্রধানমন্ত্রী মেটে ফ্রেডেরিকসেন এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।

মর্যাদাপূর্ণ রাইসিনা আলোচনাচক্রের ষষ্ঠ সংস্করণটি 13-16 এপ্রিল বিদেশ মন্ত্রক এবং অবজারভার রিসার্চ ফাউন্ডেশন যৌথভাবে আয়োজন করবে। ভার্চুয়ালি এই আলোচনাচক্রের এবারের মূল ভাবনা "#ViralWorld: Outbreaks, Outliers and Out of Control".

প্রধানমন্ত্রী রাইসিনা ডায়ালগের বর্তমান সংস্করণ প্রসঙ্গে বলেছেন, কোভিড-19 মহামারীর প্রেক্ষিতে এই আলোচনা চলছে – যে মহামারী এক বছরেরও বেশি সময় ধরে সারা বিশ্বে নেতিবাচক প্রভাব বিস্তার করেছে। বর্তমান পরিস্থিতিতে কিছু সমন্বয়যোগী প্রশ্নের উত্তর নিয়ে প্রধানমন্ত্রী আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে আত্মবিশ্লেষণের আহ্বান জানিয়েছেন।

প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেছেন, বিভিন্ন সমস্যার সমাধানের জন্য আন্তর্জাতিক ব্যবস্থাপনাকে নিজের মতো করে উদ্যোগী হতে হবে। তিনি আমাদের চিন্তাভাবনা ও কাজের মধ্যে মানবিকতাকে অগ্রাধিকার দেওয়ার কথা বলেছেন। যেসব সমস্যাগুলি আজ দেখা দিচ্ছে, তা আগামীতে সঙ্কটের কারণ হয়ে উঠতে পারে।

প্রধানমন্ত্রী দেশের অভ্যন্তরে এবং অন্যান্য দেশকে সাহায্যের প্রসঙ্গে মহামারীর এই আবহে ভারতের উদ্যোগের কথা বিস্তারিতভাবে জানিয়েছেন। মহামারীর ফলে উদ্ভূত বিভিন্ন সঙ্কট মোকাবিলায় তিনি যৌথ উদ্যোগের আহ্বান জানিয়েছেন এবং পৃথিবীর কল্যাণে ভারত তার সব শক্তি দিয়ে কাজ করবে বলে অঙ্গীকার ব্যক্ত করেছেন।

নিউ দিল্লি

এপ্রিল 13, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.